দৈনিক বাংলা

তারিখ 11 AUG 1993
পৃষ্ঠা ৮ কলাম ৬

# প্রতিবন্ধীদের শিক্ষক প্রশিক্ষণের জন্য ঢাকা ভার্সিটিতে বিশেষ বিভাগ

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিবন্ধীদের শিক্ষক প্রশিক্ষণের জন্য বিশেষ শিক্ষা বিভাগ খোলা হচ্ছে।

বৃহস্পতিবার শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটে ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজউদ্দিন আহমদ এই বিভাগের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার হিসাব অনুযায়ী যে কোন জনগোষ্ঠীর শতকরা দশভাগ প্রতিবন্ধী রূপে জন্মগ্রহণ করে অথবা জন্মের পর প্রতিবন্ধীত্বের শিকার হয়। বাংলাদেশের প্রায় এক কোটি মানুষ প্রতিবন্ধী। অথচ অন্ধ বধির, মানসিক প্রতিবন্ধী এবং শারীরিকভাবে বিকলাংগ শিশু কিশোরদের জন্য প্রাথমিক শিক্ষার ও কোন ব্যবস্থা এদেশে নেই। তাই প্রতিবন্ধীদের শিক্ষক প্রশিক্ষণের কোন প্রোগ্রামও বাংলাদেশে নেই। প্রেস বিজ্ঞপ্তি।